# All India Radio (Kolkata)

## Regional News Unit

**Date :04.10-23** **Desk in Charge: –**

**Time : 7-35A.M.** **Compiling:-**

**Morning / Day / Evening** **National/ Regional/ General**

**Opening Announcement** – আকাশবাণী / কলকাতা

স্থানীয় সংবাদ / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবরঃ-

১/ নতুন দিল্লির কৃষিভবনে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রীর সঙ্গে দেখা করতে যাওয়া তৃণমূল কংগ্রেসের প্রতিনিধি দলের সদস্যদের আটক করা নিয়ে গতরাতে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। # এক্স হ্যান্ডেলে মুখ্যমন্ত্রী, ঘটনায় তীব্র ক্ষোভ ব্যক্ত করেছেন। # অভিষেক বন্দোপাধ্যায় আগামীকাল রাজভবন অভিযানের ডাক দিয়েছেন।

২/ সরকারি সাহায্যপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের ফিনান্সার অফিসারদের সঙ্গে আরো এক দফা বৈঠকে বসতে চলেছে রাজ্য সরকার।

৩/ পুজোর ছুটি শুরু হওয়ার আগেই রাজ্য সরকারি কর্মীরা যাতে অক্টোবর মাসের বেতন পেয়ে যান সে ব্যাপারে উদ্যোগ নেওয়া হচ্ছে।

৪/ রাজ্যে ডেঙ্গুতে আক্রান্তের সংখ্যা প্রায় ৪৬ হাজারে পৌঁছেছে। বেসরকারী তথ্য অনুযায়ী এ'পর্যন্ত মারা গেছেন ৫৪ জন।

৫/ নিম্নচাপের প্রভাবে আগামীকাল পর্যন্ত রাজ্যের প্রায় সব জেলাতেই বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে।

*************************************************************

নতুন দিল্লির কৃষিভবনে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী সাধ্বী নিরঞ্জন জ্যোতির সঙ্গে দেখা করতে যাওয়া তৃণমূল কংগ্রেসের প্রতিনিধিদলের সদস্যদের আটক করা নিয়ে গতরাতে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। ওই প্রতিনিধি দলকে গতসন্ধ্যায় দেড় ঘন্টা বসিয়ে রাখার পর জানানো হয়, পাঁচ জনের বেশী প্রতিনিধির সঙ্গে মন্ত্রীর দেখা করার নিয়ম নেই। তৃণমূল নেতৃবৃন্দ এই প্রস্তাবে রাজী না হওয়ার পরই, কৃষিভবনেই শুরু হয় অবস্থান ধর্না। শেষ পর্যন্ত রাত নটার পর পুলিশ কর্মীরা টেনে হিচড়ে অভিষেক, দোলা সেন, ডেরেক ও ব্রায়ান, মহুয়া মৈত্র, বীরবাহা হাঁসদা সহ সবাইকে কৃষি ভবন থেকে বাসে করে নিয়ে মুখার্জি নগর থানায় নিয়ে যান।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, এক্স হ্যান্ডলে এই নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেন।
আগামীকাল অভিষেক বন্দোপাধ্যায় এর প্রতিবাদে রাজভবন অভিযানের ডাক দিয়েছেন।

অন্যদিকে, গতকাল রাতেই কলকাতার মুরলিধর সেন লেনে বিজেপির দপ্তরের সামনে শুরু হয় তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকদের বিক্ষোভ।

পশ্চিম বর্ধমানের কুলটির নিয়ামতপুর মোড়ে, জি টি রোড অবরোধ করে রাস্তায় টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখানো হয়।

উত্তর ২৪ পরগণার বনগাঁয়, INTTUC-এর পক্ষ থেকে রামনগর রোড সংলগ্ন এলাকাতেও টায়ার জ্বালিয়ে প্রায় এক ঘণ্টা পথ অবরোধ করা হয়। পরে তৃণমূল নেতা নেতৃদের ছেড়ে দেওয়ায় অবরোধ তুলে নেওয়া হয়। INTTUC-এর সম্পাদক বাবু বৈরাগী বলেন, রাজ্যের পাওনা টাকা না দেওয়া হলে এরপর দল বৃহত্তর আন্দোলনে যাবে।

উল্লেখ্য, ১০০ দিনের কাজ ও আবাস যোজনার মতো কেন্দ্রীয় প্রকল্পে রাজ্যের বকেয়া পাওনা মেটানোর দাবিতে দিল্লির যন্তরমন্তরে তৃণমূল কংগ্রেসের ধর্ণা অবস্থান করে।

এর মধ্যেই রাজ্য সরকারের বিরুদ্ধে কেন্দ্রীয় প্রকল্পের টাকা নয়ছয়ের অভিযোগে সরব হয়েছে বিজেপি। তথ্য ও সম্প্রচার মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর গতকাল ওড়িশার

ভূবনেশ্বরে সাংবাদিকদের কাছে, পশ্চিমবঙ্গে ১-শো দিনের কাজ ও আবাস যোজনার অর্থ তছরূপের অভিযোগ করেন। নাম না করে দিল্লিতে আন্দোলনের নেতৃত্বে দুর্নীতির দায়ে অভিযুক্ত সাংসদকে পাঠানো নিয়েও কটাক্ষ করেন তিনি।

১-শো দিনের কাজ প্রকল্পে দুর্নীতির তদন্ত সি বি আই-কে দিয়ে করানোর দাবি নিয়ে গতকাল বিকেলে কৃষি ভবনে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী সাধ্বী নিরঞ্জন জ্যোতির সঙ্গে দেখা করেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তাঁর হাতে স্মারকলিপি তুলে দেন তিনি।

দিল্লিতে বিজেপি-র সদর দফতরে এক সাংবাদিক সম্মেলনে শুভেন্দু দাবি করেন - (বাইট- শুভেন্দু)

অন্যদিকে, যন্তরমন্তরের অবস্থান মঞ্চে দাঁড়িয়ে তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় প্রশ্ন তোলেন, দুর্নীতি যদি হয়ে থাকে তাহলে FIR দায়ের করা হলো না কেন?

(বাইট-অভিষেক)

এদিকে গতকাল, কলকাতায় আন্দোলনরত চাকরি প্রার্থীদের সমর্থনে বিজেপি বিধায়করা বৃষ্টি মাথায় নিয়ে বিধানসভা ভবনের সামনে রাস্তার ওপর বসে বিক্ষোভ দেখান।

অন্যদিকে, ১০০ দিনের কাজ, আবাস যোজনা, বিভিন্ন দফতরে নিয়োগ সহ সর্ব ক্ষেত্রে দুর্নীতির প্রতিবাদে সিপিআইএম আগামীকাল কলকাতার সিজিও কমপ্লেক্স অভিযান করবে। দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম গতকাল মেদিনীপুরে এই কর্মসূচীর কথা ঘোষণা করেন। তিনি জানান, পুলিশ অনুমতি না দিলেও ৫ তারিখ এই অভিযান হবে।

*****************

এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের তলবে তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় যে গতকাল হাজিরা দেবেন না, তা আগে কেন ওই সংস্থাকে জানানো হয়নি, তা নিয়ে প্রশ্ন তুলেছে কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চ। গত শুক্রবার বিচারপতি অমৃতা সিনহা নির্দেশ দিয়েছিলেন, তেসরা অক্টোবরের তদন্ত

প্রক্রিয়া যাতে কোনওভাবে ব্যাহত না হয়, ইডিকে তা নিশ্চিত করতে হবে। সিঙ্গল বেঞ্চের সেই নির্দেশকে চ্যালেঞ্জ করে ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হন অভিষেক। আজ এই মামলার শুনানি হবে বলে জানিয়েছেন বিচারপতি সৌমেন সেন এবং বিচারপতি উদয় কুমারের ডিভিশন বেঞ্চ।

*****************

রাজ্য সরকার, আরো এক দফায় রাজ্যের সরকারি সাহায্যপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের আর্থিক বিষয়ক অফিসারদের সঙ্গে আরও এক দফা বৈঠকে বসতে চলেছে। আজ বিধাননগরের পূর্ত ভবনে এই বৈঠকে উপস্থিত থাকার নির্দেশ দিয়ে কলকাতা, প্রেসিডেন্সি, নেতাজি সুভাষ মুক্ত, বাবাসাহেব আম্বেদকর এডুকেশন, মৌলানা আবুল কালাম প্রযুক্তি, বাঁকুড়া, রায়গঞ্জ, সাধু রামচাঁদ মুর্মু সহ মোট ১২'টি বিশ্ববিদ্যালয়ের আধিকারিকদের চিঠি দেওয়া হয়েছে।

উল্লেখ্য, উপাচার্য, অধ্যাপক সহ বিশ্ববিদ্যালয়ের সব শিক্ষক ও শিক্ষা কর্মীর বেতন, Human Resource Management System এর মাধ্যমে ট্রেজারি থেকে সরাসরি দেওয়া নিয়ে প্রথম দফায় ২০ শে সেপ্টেম্বর নবান্নে এগারোটি বিশ্ববিদ্যালয়ের আর্থিক আধিকারিকদের সঙ্গে বৈঠক করেছিল রাজ্য সরকার।

*****************

পুজোর ছুটি শুরু হওয়ার আগেই রাজ্য সরকারি কর্মীরা যাতে অক্টোবর মাসের বেতন পেয়ে যান, সে ব্যপারে উদ্যোগ নেওয়া হচ্ছে। সরকারি কর্মীদের পাশাপাশি সরকার পোষিত ও সহায়তাপ্রাপ্ত স্কুল ও সংস্থার কর্মীদেরও আগাম বেতন দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গেছে। এবিষয়ে ইতমধ্যেই সব সরকারি দফতর এবং স্কুলগুলিকে বার্তা পাঠানো হয়েছে। বলা হয়েছে, বেতন সংক্রান্ত যাবতীয় প্রক্রিয়া চৌঠা অক্টোবরের মধ্যে শেষ করে ফেলতে হবে।

*****************

রাজ্যে ডেঙ্গুতে আরও ৩ জনের মৃত্যু হয়েছে। দক্ষিণ দমদমে প্রাণ হারিয়েছেন, ২০ নম্বর ওয়ার্ডের বাঙুর শ্যামাপ্রসাদ কলোনির বাসিন্দা, ৫৮ বছরের শ্যামলী বন্দ্যোপাধ্যায়। উল্টোডাঙার একটি বেসরকারি হাসপাতালে তাঁর চিকিৎসা চলছিল।

গতকাল সেখানেই মৃত্যু হয় তাঁর। ডেথ সার্টিফিকিটে ডেঙ্গুর উল্লেখ থাকলেও স্থানীয় কাউন্সিলর কৃষ্ণপদ দত্ত দাবি করেছেন যে, শ্যামলী বন্দ্যোপাধ্যায়ের স্বামী জানিয়েছেন, তার স্ত্রীর হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে। ডেঙ্গুর কারণে নয়। দীর্ঘদিন ধরে বিভিন্ন রোগে চিকিৎসাধীন ছিলেন তিনি। যদিও পরিবারের সদস্যদের দাবি, ডেঙ্গুতে আক্রান্ত হয়েই শ্যামলীদেবীর মৃত্যু হয়েছে।

এই নিয়ে দক্ষিণ দমদম পুর এলাকায় এ পর্যন্ত ডেঙ্গুতে ৮ জনের মৃত্যু হলো। আক্রান্তের সংখ্যা প্রায় এক হাজার।

এদিকে, রাজ্যে ডেঙ্গু পরিস্থিতি মোকাবিলায় হাইকোর্টের হস্তক্ষেপ দাবি করে জনস্বার্থ মামলা দায়ের করেছেন এক চিকিৎসক। বিভিন্ন পুরসভা ও পৌরনিগম, এমনকি পঞ্চায়েতগুলিও পরিস্থিতি সামাল দিতে পুরোপুরি ব্যর্থ বলে অভিযোগ করেছেন মামলাকারী। চলতি সপ্তাহেই প্রধান বিচারপতির বেঞ্চে এর শুনানি হতে পারে।

******************

নিম্নচাপের প্রভাবে রাজ্যের প্রায় সব জেলাতেই বৃষ্টি হচ্ছে। কলকাতা সহ দক্ষিণবঙ্গের সব জেলাতেই গতরাতে ভারী বৃষ্টি হয়। আজ সারাদিন'ই বৃষ্টির পূর্বাভাস রয়েছে। পাঁচ তারিখ পর্যন্ত এই পরিস্থিতি চলবে বলে, আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সঞ্জীব বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

(বাইট-ওয়েদার)

কলকাতায় সারারাতের বৃষ্টিতে কোথা'ও হাঁটু বা কোথাও গোড়ালী পর্যন্ত জল জমেছে। তিনটি আন্ডারপাশে হাঁটু পর্যন্ত জল। মেটিয়াবুরুজের পাহাড়পুর রোডে হাঁটু জল। এছাড়া'ও সৈয়দ শেলী রোড ও এমজি রোডের সংযোগস্থল, ঠনঠনিয়া কালিবাড়ির সামনেও বেশ কিছু জল জমেছে।

এদিকে, দক্ষিণ ২৪ পরগনা জুড়ে গতরাত থেকে বজ্র বিদ্যুৎ সহ ভারী বৃষ্টি হচ্ছে। সুন্দরবন উপকূলে বৃষ্টির পরিমাণ বেশী। উপকূলে দমকা বাতাস বইছে। গত কয়েকদিনের টানা বৃষ্টিতে, নীচু এলাকাগুলি জলমগ্ন হয়ে পড়েছে। জনজীবন বিপর্যস্ত।

আজ দিনভর ভারী বৃষ্টির পূর্বাভাস থাকায় জেলায় হলুদ সতর্কতা জারী করা হয়েছে। মাটির বাড়ির বাসিন্দাদের, কাছাকাছির স্কুল বা ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্রে চলে যেতে বলা হয়েছে। জেলার প্রতিটি ব্লকে কন্ট্রোলরুম খোলা হয়েছে।

নদীর জল বেড়ে যাওয়ায় এবং বিভিন্ন জলাধার থেকে জল ছাড়ার ফলে, বাঁকুড়া ও পশ্চিম মেদিনীপুরের বিস্তীর্ণ এলাকা প্লাবিত।

পশ্চিম মেদিনীপুরের ঘাটাল পুরসভার ৩, ৬ ও ৭ নম্বর ওয়ার্ড এবং মনসুকা এক নম্বর গ্রাম পঞ্চায়েত এলাকায়, শীলাবতী ও ঝুমি নদীর জল ঢোকায়, ডুবে গেছে বহু রাস্তা। গতকাল বিকেলে ঘাটালের বন্যা পরিস্থিতি ঘুরে দেখেন জেলাশাসক ও পুলিশ সুপার।

এদিকে, গতকাল ডিভিসি তাদের মাইথন ও পাঞ্চেত জলাধার থেকে ৯০ হাজার কিউসেক হারে জল ছেড়েছে। নবান্ন থেকে জারি করা এক বিবৃতিতে, বর্তমান পরিস্থিতিতে সেচ ও জলপথ দপ্তরকে ডিভিসি ও ঝাড়খন্ড কর্তৃপক্ষের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখতে বলা হয়েছে।

******************

নজরদারির অভাবে নদী থেকে বেআইনিভাবে বালি তোলার জন্যই, বারবার বন্যা পরিস্থিতির সৃষ্টি হচ্ছে বলে, বর্ধমান-দুর্গাপুরের সাংসদ এস এস আলুওয়ালিয়া মন্তব্য করেছেন। গতকাল দুর্গাপুর ব্যারেজ পরিদর্শনের পর সাংবাদিকদের তিনি বলেন, বহমান নদীর দুপাশে জমা বালি অবৈধভাবে JCB মেশিন দিয়ে তুলে নেওয়া হচ্ছে। ফলে বৃষ্টি বেশী হলেই, আশপাশের গ্রামগুলি ভেসে যাচ্ছে। ঝাড়খন্ডে প্রবল বর্ষণের জন্য পাঞ্চেত ও মাইথন জলাধার থেকে বাধ্য হয়েই জল ছাড়া হচ্ছে, বন্যা পরিস্থিতি আশঙ্কা দেখা দিয়েছে দামোদর ঘেঁষা গ্রামগুলিতে। ড্রেজিং নিয়ে সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে তিনি কথা বলবেন বলে শ্রী আলুওয়ালিয়া জানান।

******************

রাজ্য পুলিশের STF, বিভিন্ন জায়গায় তল্লাশি চালিয়ে মোট ৪১ লক্ষ টাকার মাদক উদ্ধার করেছে।

দুর্গাপুর এক্সপ্রেসওয়ের সার্ভিস রোডে এবিএল মোড়ের কাছে আপেল বোঝাই একটি ১০ চাকার ট্রাক থেকে ২৫ লক্ষ টাকার মাদক মিশ্রিত কাফ সিরাপ উদ্ধার করে।

অন্যদিকে, জলপাইগুড়ির আমবাড়ির ক্যানেল রোডে একটি গাড়ি থেকে উদ্ধার হয় ১৬ লক্ষ টাকার গাঁজা। এই ঘটনায় একজনকে গ্রেফতার করা হয়।

*****************************************************************